

০৮ আগস্ট, ২০২৩ তারিখে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯৩তম জন্মবার্ষিকী' যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : নীলুফা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
তারিখ : ২৭ জুলাই, ২০২৩ খ্রি.
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সময় : সকাল ১১.০০ মি.
সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। প্রতি বছরের ন্যায় সভাপতি এঁ দিবসটি সফলভাবে আয়োজনের বিষয়ে সকলকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য অনুরোধ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। কর্মসূচিসমূহ:

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
০৮/০৮/২০২৩ খ্রি. সকাল ১০.০০ টা	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান অনুষ্ঠান-২০২৩ সরাসরি সম্প্রচার অনুষ্ঠান অনলাইনে/টেলিভিশনে উপভোগ	উপজেলা পরিষদ মিলনায়তন, বাগাতিপাড়া, নাটোর	উপজেলা প্রশাসন, বাগাতিপাড়া, নাটোর
০৮/০৮/২০২৩ খ্রি. দুপুর ১২.০০ টা	বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর স্মরণে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান	উপজেলা পরিষদ মিলনায়তন, বাগাতিপাড়া, নাটোর	উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর
০৮/০৮/২০২৩ খ্রি. দুপুর ১২.৩০ টা	সেলাই মেশিন বিতরণ	উপজেলা পরিষদ মিলনায়তন, বাগাতিপাড়া, নাটোর	উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর
০৮/০৮/২০২৩ খ্রি. বাদ যোহর মসজিদে ও সুবিধাজনক সময়ে অন্যান্য সকল উপাসনালয়ে	বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল/বিশেষ প্রার্থনা	সকল মসজিদ/মন্দির/গির্জা/ উপাসনালয়	ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন ও স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি

০২। গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- যথাযোগ্য মর্যাদায় উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে স্বতঃস্ফূর্তভাবে দিবসটি উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- আয়োজিত সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানাকে অনুরোধ করা হলো।
- গৃহীত সকল অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী জেনারেল ম্যানেজার, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো।
- গৃহীত অনুষ্ঠানমালাকে সাফল্যমন্ডিত করতে সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ যাতে কর্মস্থল ত্যাগ না করেন এবং উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করেন সেজন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

(নীলুফা সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.১৪.০০২.২৩. ৫৩৯

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪৩০
২৭ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

- (১) মাননীয় সংসদ সদস্য, ৫৮-নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
- (২) জেলা প্রশাসক, নাটোর।
- (৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
- (৪) সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর।
- (৫) অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা, নাটোর।
- (৬)কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
- (৭)বাগাতিপাড়া, নাটোর।


(নীলুফা সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং- ০২৫৮৮৮-৭৫০০১
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd